ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-২০২৩</u>
বিশালগড়,৩ ডিসেম্বর,২০২৪

**সিপাহীজলা জেলাভিত্তিক আন্তর্জাতিক দিব্যাঙ্গ দিবস**

চড়িলামের লীলাদেব স্মৃতি হলঘরে আজ সিপাহীজলা জেলাভিত্তিক আন্তর্জাতিক দিব্যাঙ্গ দিবস উদযাপন করা হয়। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত। অনুষ্ঠানের উদ্বোধন করে সভাধিপতি দিব্যাঙ্গজনদের সুস্থ ভবিষ্যৎ কামনা করে বলেন, দিব্যাঙ্গজনরা সমাজের গুরুত্বপূর্ণ অংশ। নিজেদের মেধার মাধ্যমে অনেক দিব্যাঙ্গজনই আজ বিভিন্ন ক্ষেত্রে দেশের মুখ উজ্জ্বল করেছে। এই অংশের ছেলেমেয়েদের কোনোভাবেই অবহেলা করা উচিত নয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চড়িলাম বিএসির চেয়ারম্যান জাকলু দেববর্মা। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সদস্য গৌরাঙ্গ ভৌমিক, সীমা ভৌমিক, চড়িলাম পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান খেলা ভৌমিক দেবনাথ, সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক রিঙ্কু লাথের প্রমুখ। অনুষ্ঠানে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ৫ জন ছাত্রছাত্রীকে ১ হাজার টাকা এবং উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ৫ জন ছাত্রছাত্রীকে ১,৫০০ টাকার চেক প্রদান করা হয়। এই অনুষ্ঠানে এবছর দুর্গোৎসবে সামাজিক সচেতনতা সহ বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা নেওয়ার জন্য বিশালগড় মহকুমার প্রগতি সংঘ ক্লাবকে ২০ হাজার টাকা, দক্ষিণ চড়িলামের যুব সংস্থাকে ১৫ হাজার টাকা এবং বীর সন্ন্যাসী বিবেকানন্দ ক্লাবকে ১০ হাজার টাকার চেক পুরস্কার হিসেবে তুলে দেওয়া হয়।

*****